# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

২৩। আল্লাহর পথে জিহাদ করা (الجهاد في سبيل الله)

আল্লাহ তা‘আলা বলেন:

(وَكَأَيِّنْ مِنْ نَبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِيسَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا وَاللَّهُ يُحِبُّ الصَّابِرِينَ (146)) [آل عمران: 146]

‘আর কত নবী যুদ্ধ করেছেন, তাদের সাথে বহু আল্লাহওয়ালা ছিলেন। তবে আল্লাহর পথে তাদেরকে যা আক্রান্ত করেছে, তার জন্য তারা হতোদ্যম হননি। আর তারা দুর্বল হননি এবং তারা নত হননি। আল্লাহ ধৈর্যশীলদেরকে ভালবাসেন’ (সূরা আলে ইমরান: ১৪৬)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(يَاأَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ (73)) ... [التوبة: 73]

‘হে নবী! কাফের এবং মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং তাদের উপর কঠোর হও, আর তাদের ঠিকানা হলো জাহান্নাম এবং তা কতইনা নিকৃষ্ট স্থান’ (সূরা আত-তাওবা: ৭৩)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ (193)) ... [البقرة: 193]

‘আর তাদের বিরুদ্ধে লড়াই কর যে পর্যন্ত না ফেতনা খতম হয়ে যায় এবং দ্বীন আল্লাহর জন্য হয়ে যায়। সুতরাং তারা যদি বিরত হয়, তাহলে যালিমরা ব্যতীত (কারো উপর) কোন কঠোরতা নেই’ (সূরা আল-বাক্বারাহ: ১৯৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন